গাংনীতে সম্পত্তি হাতিয়ে নেয়ার প্রতিবাদে সংবাদ সম্মেলন

মেহেরপুরের গাংনীর ছাতিয়ান গ্রামে ভুয়া কমিশন করে স্থাবর অস্থাবর সম্পত্তি হাতিয়ে নেয়ার প্রতিবাদে সংবাদ সম্মেলন করেছেন শাহিন নামের এক ব্যাক্তি। শনিবার বিকেলে ছাতিয়ান ব্রিক ফিল্ডে এ সংবাদ সম্মেলন করা হয়।

সংবাদ সম্মেলনে জানানো হয়, তার পিতা সাবেক সেনা সদস্য জবেদ আলী স্ট্রোক জনিত কারণে প্যারালাইজ্ড ও বাকশক্তিহীন। চিকিৎসার কথা বলে তার বৈমাত্রিক বোন সেলিনা খাতুন ও লিলি খাতুন ভুয়া কমিশন করে গত ১৬-১০-২০২২ ইং তারিখে গাংনী সাব রেজিস্ট্রি অফিসের মাধ্যমে স্থাবর অস্থাবর সমস্ত সম্পত্তি রেজিস্ট্রি করে নেয়। যার দলিল নং- ৮০৭৯/২২। দলিলে সম্পত্তির মধ্যে রয়েছে মাঠ কবর স্থান ও বাড়িঘর। আর এতে সনাক্তকারী হিসেবে রয়েছেন জনৈক তরিকুল ইসলাম।

শাহিন আরো জানান, তার পিতা জবেদ আলী একজন শিক্ষিত ও সামরিক বাহিনীর সদস্য। কোন কমিশন করতে হলে নিজ বাসস্থানে উপস্থিত হয়ে ও তার সকল ওয়ারিশদের সম্মতিতে ভাগ বন্টন হতে হবে। অথচ বাসস্থানে উপস্থিত না হয়ে কোন তদারকি ও তদন্ত ছাড়াই স্ত্রী ও দুই সন্তানকে বঞ্চিত করে কমিশন করে রেজিস্ট্রি করেছেন সাব-রেজিস্টার। এতে জবেদ আলীর স্ত্রী ও তার দুই সন্তান সম্পদ থেকে বঞ্চিত হয়েছেন। তারা সম্পত্তি ফিরে পেতে ও ভুয়া দলিল বাতিলের আহবান জানান।

সংবাদ সম্মেলনে স্থানীয় ইউপি মেম্বর হাফিজুল জানান, জবেদ আলীর দুই স্ত্রী। জবেদ আলী অসুস্থ হবার পর উভয় স্ত্রীর সন্তানরা চিকিৎসা করছেন। চিকিৎসার জন্য দুই মেয়ে তার বাবাকে তাদের জিম্মায় রেখে অজ্ঞাত স্থানে নিয়ে কমিশন করে সব সম্পত্তি হাতিয়ে নিয়েছে। এটি অন্যায় ও বড় ধরণের অপরাধ। সম্পত্তি হাতিয়ে নেয়ার পর দুই বোন ও তার লোকজন স্ত্রী ও দুই ছেলেকে বাড়ি থেকে বের করে দেয়ার চেষ্টা করছেন ও নানা ভাবে হুমকী দিচ্ছেন। ওই দুই বোনের সাথে বারবার যোগাযোগ করেও কোন কর্ণপাত করেনি তারা।

গ্রামবাসিরা জানান, জবেদ আলী ছিলেন একজন শিক্ষিত ও মার্জিত ব্যক্তি। সে তার কোন সন্তানকে বঞ্চিত করতে পারেন না। এখন তিনি কথা বলতে না পারায় সুযোগটি হাতিয়ে নিয়েছেন তার সুচতুর দুই মেয়ে।

কমিশনও প্রশ্নবিদ্ধ। আসল দলিলে জবেদ আলীর স্বাক্ষর থাকার কথা থাকলেও টিপ সহি দেয়া রয়েছে। তা ছাড়া জবেদ আলী কোন কথা বলতে পারেন না। হলফ নামায় তার দুই সন্তান ও এক স্ত্রীর নাম দেয়া নেই। ওয়ারিশ পত্রটিও সঠিক নয় বলে দাবী করেছেন তারা।

সংবাদ সম্মেলনে স্থানীয় জনপ্রতিনিধি ও গ্রামবাসি উপস্থিত ছিলেন।

গাংনীর বামন্দীতে ফিউচার একাডেমি কোচিং সেন্টারের উদ্বোধন

গাংনীর বামন্দীতে ফিউচার একাডেমি নামে একটি কোচিং সেন্টারের আনুষ্ঠানিক পথ চলা শুরু করেছে।

শনিবার বিকেলে বামন্দী বাসস্ট্যান্ড সংলগ্ন জননী সুপার মার্কেটের তৃতীয় তলায় ফিউচার একাডেমি কোচিং সেন্টার উদ্বোধন করা হয়েছে।

বামন্দী নিশিপুর স্কুল এন্ড কলেজের পরিচালনা পর্ষদের সভাপতি মাসুমের সভাপতিত্বে আরো উপস্থিত ছিলেন বামন্দীর ইটাভাটা ব্যবসায়ী মফিজুল ইসলাম লাল্টু, শিক্ষক জান্নাত আলী, শিক্ষক হেলালুর রহমান, ব্যবসায়ী আব্দুর রশিদ, বিডিএস বাংলা একাডেমির পরিচালক মুনতাজ আলী সহ স্থানীয় শিক্ষার্থী সহ অভিভাবকরা। কোচিং সেন্টারটি এগিয়ে নিতে পরিচালক ফাহিম এজাজ সকলের সহযোগীতা কামনা করেন। ৫ম শ্রেণী থেকে ১০ শ্রেণীর জন্য এক আদর্শ কোচিং সেন্টার হিসেবে কাজ করবে।

[redacted]

[redacted]

[redacted]

[

নিয়ে মিথ্যা মামলায় হয়রানির প্রতিবাদে মানববন্ধন

মেহেরপুরের গাংনী উপজেলার কড়ুইগ্রাছি মিথ্যা মামলায় হয়রানির প্রতিবাদে গ্রামবাসী মানববন্ধন করেছেন।

বৃহস্পতিবার বিকেলে গ্রামের সামাজিক কবরস্থানের সড়কে মানববন্ধন করেন। মানববন্ধনের বক্তারা জানান, গ্রামের কয়েকজনকে মিথ্যা মামলায় হয়রানি করছে এমন অভিযোগ উত্থাপন করে অনতিবিলম্বে মামলা প্রত্যাহারের দাবি জানান।

মানববন্ধনে গ্রামের বয়োবৃদ্ধ মোশারফ হোসেন মন্ডলের নেতৃত্বে বক্তব্য রাখেন কবরস্থান কমিটির সাধারণ সম্পাদক সুমন আলী, সদ্য জমিদাতা হানজালা, ইসরাফিল হুসাইন উজ্জল, ফজলুল হক রবিউল ইসলাম।

বক্তরা বলেন, গ্রামবাসীর সকলের জন্যই কবরস্থান উন্মুক্ত। কবরস্থানের প্রবেশ মুখে সামান্য একটু জমির কারণে রাস্তা বন্ধ ছিল। সাম্প্রতিক সময়ে ওই জায়গার মালিক হানজালা আড়াই শতক জমি কবরস্থানের নামে দান করেন। তখন থেকে সংস্কারের জন্য রাস্তায় মাটি ফেলা শুরু হয়। গ্রামের মানুষের স্বার্থে প্রায় সকলে মিলে কবরস্থানের উন্নয়নে মনোনিবেশ করেন। কাজ চলমান অবস্থায় গ্রামের গোলাম জাকারিয়া ও গোলাম রসুল আড়াই শতক জমি নিজেদের দাবি করে জোরপূর্বক দখলের অভিযোগ তুলে মেহেরপুর আদালতে ১৪৫ ধারায় একটি পিটিশন দায়ের করেন। যা তদন্তাধীন রয়েছে। এখানে বিবাদি করা হয়েছে কবরস্থানের উন্নয়নের দায়িত্বে থাকা গ্রামের ৮ জনকে।

বক্তারা বলেন, হানজালা তার ক্রয় করা সম্পত্তি দান করেছেন। এখানে কোন প্রকার জটিলতা নেই। গোলাম জাকারিয়া ও গোলাম রসুল পক্ষ চায় না যে গ্রামে কবরস্থানের হোক কিংবা রাস্তা হোক। তারা ব্যক্তি স্বার্থে গ্রামের মানুষের বৃহত্তর স্বার্থের বিরুদ্ধে অবস্থান নিয়েছে। তাদের ক্ষমতার জোরে গ্রামের মানুষকে এ মামলায় হয়রানি করে যাচ্ছে।

একদিকে গ্রামের মানুষ হয়রানি অন্য দিকে অন্য কোন মামলায় গ্রেফতারের হুমকিতে দিশেহারা হয়ে পড়েছেন। তাই মিথ্যা মামলায় রেহাই পাওয়ার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেন তারা।

মানববন্ধনে গ্রামে নারী, শিশুসহ বিভিন্ন বয়সী মানুষ অংশ গ্রহণ করেন।

গাংনীতে সাত কোটি টাকা ব্যয়ে তিনটি প্রকল্পের উদ্বোধন

মেহেরপুরের গাংনী উপজেলাতে প্রায় সাত কোটি টাকার তিনটি উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন করা হয়েছে।

বৃহস্পতিবার এ প্রকল্পের উদ্বোধন করেন মেহেরপুর-২ গাংনী আসনের সংসদ সদস্য সাহিদুজ্জামান খোকন। পকল্প গুলোর মধ্যে রয়েছে ৬৬ লক্ষ ২২ হাজার টাকা ব্যয়ে তেঁতুলবাড়িয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের চার তলা ভবন, ৪২ লক্ষ ৪৫ হাজার ৫৩১ টাকা ব্যয়ে ইসলামপুর সড়ক উন্নয়ন ও ৫ কোটি ৫৭ লক্ষ ৪৭ হাজার ২৯৩ ব্যয়ে কাথুলী – কাজিপুর বাজার পর্যন্ত রাস্তা উন্নয়নকাজ।

উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন তেঁতুলবাড়ী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান নাজমুল হুদা বিশ্বাস, উপজেলা প্রকৌশলী ফয়সাল হোসেন, উপজেলা আওয়ামীলীগের সাবেক সাধারণ গোলাম মোস্তফা, সাবেক সাংগঠনিক সম্পাদক মনিরুজ্জামান মনি, আওয়ামী লীগ নেতা মনিরুজ্জামান আতুসহ বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

গাংনীতে উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানমকে বিভিন্ন

[redacted]

[redacted]

[redacted]

[

গাংনীতে এশিয়ান টেলিভিশনের প্রতিষ্ঠা বার্ষিকী পালিত

মেহেরপুরের গাংনীতে এশিয়ান টেলিভিশনের ১০ম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত হয়েছে। বুধবার সকাল ১০টায় গাংনী এ্যাডভান্স মেডিকেয়ার হল রুমে প্রতিষ্ঠা বার্ষিকীর এই অনুষ্ঠান পালিত হয়।

এশিয়ান টেলিভিশনের গাংনী উপজেলা প্রতিনিধি মিনারুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনীর কৃতি সন্তান স্বাধীনতা চিকিৎসক পরিষদের কেন্দ্রীয় কার্যনির্বাহী পরিষদের সদস্য ডা. এএসএম নাজমুল হক সাগর।

অনুষ্ঠানের শুরুতে দৈনিক আমাদের সূর্যদোয় পত্রিকার নির্বাহী সম্পাদক জুলফিকার আলী কাননের সঞ্চালনায় এশিয়ান টেলিভিশনের দীর্ঘ ১০ বছরের সাফল্য নিয়ে আলোচনা করা হয়। আলোচনা অনুষ্ঠান শেষে কেক কাটার মধ্য দিয়ে এশিয়ান টেলিভিশনের ১০ম বর্ষপূর্তি পালন করা হয়।

এ সময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, গাংনী প্রেস ক্লাবের সভাপতি তৌহিদ উদ দৌলা রেজা, সাধারণ সম্পাদক মাহবুব আলম, আরটিভি’র জেলা প্রতিনিধি মাজেদুল হক মানিক, একাত্তর টিভির সাংবাদিক মজনুর রহমান আকাশ, বাংলা টিভির জেলা প্রতিনিধি আক্তারুজ্জামান, মেহেরপুর রিপোর্টাস ক্লাবের সহ-সভাপতি আল আমিন হোসেন, দৈনিক ভোরের ডাক পত্রিকার প্রতিনিধি জুরাইস ইসলাম, গেø◌াবাল টিভি’র জেলা প্রতিনিধি রাব্বি আহম্মেদ, বিডি২৪লাইভ ডটকমের জেলা

প্রতনিধি জাহিদ মাহমুদ, লাখো কণ্ঠের জেলা প্রতিনিধি রফিকুল আলম বকুল, মেহেরপুর চোখের বার্তা সম্পাদক মীর শামীম, দৈনিক স্বাধীন মত পত্রিকার প্রতিনিধি আব্দুল আলিম, সাবেক ছাত্র নেতা ও শিক্ষক রকিবুল ইসলাম, কৃষক লীগের গাংনী উপজেলার শাখার সাধারণ সম্পাদক মসিউর রহমান পলাশ, গাংনী থানা ওসি’র প্রতিনিধি সেকেন্ড অফিসার এসআই মাসুদ, মাহি ক্লিনিকের পরিচালক উম্মে সালমা, জেলা ছাত্রলীগের যুগ্ম সাধারণ সম্পাদক ইমরান হাবীব, মেহেরপুর টিভির এ্যাডমিন তানজিজুর রহমান তপন প্রমুখ।

অনুষ্ঠানে বক্তারা এশিয়ান টেলিভিশন, এশিয়ান টেলিভিশনের গাংনী উপজেলা প্রতিনিধি মিনারুল ইসলামসহ এশিয়ান টেলিভিশনের সকল কলাকৌশলীদের স্বার্বিক মঙ্গল কামনা করেন।

গাংনীতে দুটি বোমা সাদৃশ্য বস্তু উদ্ধার

মেহেরপুরের গাংনীর কল্যাণপুর রাস্তার পাশ থেকে দুটি বোমা সাদৃশ্য বস্তু উদ্ধার করেছে পুলিশ।

আজ মঙ্গলবার বেলা ১১টার দিকে গাংনী থানা পুলিশের একটি টীম বোমা সাদৃশ্য বস্তু দুটি উদ্ধার করে পানি ভর্তি পানিতে চুবিয়ে রাখে।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান, কল্যাণপুর রাস্তার পাশে বোমা সাদৃশ্য বস্তু দেখে পথচারীরা পুলিশে খবর দেয়। পরে এসআই মাসুদ ও সঙ্গীয় ফোর্স ঘটনাস্থলে গিয়ে বোমা সাদৃশ্য বস্তু দুটি উদ্ধার করে পানিতে চুবিয়ে রাখে। স্থানীয় লোকজনের মাঝে ভীতি ছড়ানোর জন্য এগুলো রাখতে পারে বলে ধারণা করা হচ্ছে।

গাংনীর চিতলা থেকে ৫০ পিস ইয়াবাসহ যুবক আটক

মেহেরপুরের গাংনী উপজেলার চিতলা মধ্যপাড়া রাস্তা থেকে ৫০ পিস ইয়াবাসহ হাসিবুল ইসলাম (২৬) নামের এক যুবককে আটক করেছে পুলিশ।

আজ সোমবার দুপুর সাড়ে ১২ টার সময় গাংনী থানার এস আই সইবুর রহমান সঙ্গীয় ফোর্স নিয়ে এ অভিযান পরিচালনা করেন।

আটকৃত হাসিবুল ইসলাম গাংনীর বাঁশবাড়িয়া গ্রামের আকছেদ আলীর ছেলে।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান, গোপন সংবাদের ভিত্তিতে জানা যায় একজন ইয়াবা বহন করছে। এসময় ওই যুবকের গতিবিধি সন্দেহ হলে পুলিশ চ্যালেঞ্জ করে তল্লাশি চালিয়ে তার পকেটে থাকা সিগারেটের প্যাকেটে থাকা ৫০ পিস ইয়াবা উদ্ধারসহ তারক আটক করা হয়।

এ বিষয়ে মামলা দায়ের করে আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে।

গাংনীতে বিএনপির ১০ দফা ও বিদ্যুদের মূল্য কমানোর দাবীতে বিক্ষোভ সমাবেশ

মেহেরপুরের গাংনী উপজলা বিএনপির উদ্যোগে বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। সোমবার বিকেলে গাংনী উপজেলা বিএনপির উদ্যোগে বিক্ষোভ সমাবেশে তত্বাবধায়ত নিরপেক্ষ সরকারের অধিীনে নির্বাচন,বেগম খালেদা জিয়ারসহ সকল রাজবন্ধীদের নিঃশর্ত মুক্তিসহ ১০ দফা দাবী ও বিদ্যুতের মুল্য কমানোর দাবী করা হয়।

উপজেলা বিএনপির সভাপতি রেজাউল হকের সভােপিতত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন মেহেরপুর জেলা বিএনপির সিনিয়র সহসভাপতি জাবেদ মাসুদ মিল্টন।

উপজেলা বিএনপির দলীয় কার্যালয়ের সামনে অনুষ্ঠিত বিক্ষোভ সমাবেশে বক্তব্য রাখেন উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক সাবেক ইউপি চেয়ারম্যান আসাদুজ্জামান বাবলু, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক জুলফিকার আলী ভুট্ট, জেলা বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক সাবেক চেয়ারম্যান আব্দুল আওয়াল, জেলা বিএনপির সিনিয়র সহ সভাপতি আবদাল হোসেন, জেলা যুব দলের সাধারণ সম্পাদক কাউছার আলী, পৌর বিএনপির সাধারণ সম্পাদক মকবুল হোসনে মেঘলা, জেলা উপজেলা যুবদলের আহবায়ক মালেক হোসেন চপল, বিএনপি নেতা মনিরুজ্জামান গাডডু, আলফাজ উদ্দীন

কাল, মহিলা দলের নেতৃ ও উপজেলা পরিষদের সাবেক মহিলা ভাইস চেয়ারম্যান লাইলা আরজুমান বানু, মহিলা দলের নেতৃ ফেরদোসা বেগম,সেচ্চা সেবক দলের নেতা বাচ্চু,কৃষক দলের নেতা শাওন, উপজেলা ছাত্রদলের আহবায়ক সাজেদুর রহমান বিপ্লব,সদস্য সচিব রিপন হোসেনসহ বিভিন্ন ইউনিয়নের নেতৃবৃন্দ।

গাংনী পৌর বিএনপি’র সাধারণ সম্পাদক মোকবুল হোসেন মেঘলার সঞ্চালনায় বিক্ষোভ সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে জেলা বিএনপির সহ সভাপতি জাভেদ মাসুদ মিল্টন বলেন, বর্তমান সরকার নিশি রাতের সরকার। সৈরাচারী সরকার। ভোট চুরির সরকার। গুম খুনের সরকার। এই নিশি রাতের সরকারের অধিনে আর কোন নির্বাচনে অংশ গ্রহন করবেনা বিএনপি। বিগত দিনের নির্বাচন হয়েছে ডিজিটাল পর্যায়ের নির্বাচন। যা ডিজিটাল কায়দায় ভোট চুরি করা হয়েছে। ডিজিটাল কায়দায় দেশের টাকা চুরি করে বিদেশে পাঠিয়ে দেশকে আজ নিঃস্ব করে তুলেছে নিশি রাতের সরকার। রাতারাতি দ্রব্যমুল্যের দাম বৃদ্ধি করে জনগনকে বিপদে ফেলেছেন। হাটবাজারে গেলে অনেকেই পরিবারের চাহিদা অনুযায়ী খাদ্যপণ্য কিনতে পারছেননা। অভাব অনটনের মধ্য দিয়ে পরিবার চালাতে হচ্ছে কৃষকসহ স্বল্প আয়ের মানুষ॥ আর এইসকল নির্যাতিত, নিপীড়িত,শোষিত মানুষকে মুক্ত করতে যারা সৈরাচারী সরকারের পতনের ডাকে সাড়া দিয়েছে তারাই এই প্রজন্মের মুক্তিযোদ্ধা। সরকার দলীয়দের নানা অত্যাচার সহ্য করতে করতে মানুষ আজ জেগে উঠেছে,মানুষ আজ রাজ পথে নেমেছে। আর মানুষ যখন প্রতিবাদের কথা বলতে পারছে খুব শিঘ্রই সরকারের পতন ঘটবে। তাই এই সকারের মেয়াদ শেষের আগেই পদ ত্যাগ দাবী করেন।

তিনি আরও বলেন, গাংনীতে যারা বিএনপির নেতাকর্মীদের নামে মির্থ্যা মামলা করে হয়রানী করছে তাদের তালিকা করছে বিএনপি। সরকারের সময় সারা দেশের বিএনপির যেসকল নেতাকর্মীকে গুম করা হয়েছে তাদেরকে পরিবারের মাঝে ফিরিয়ে দেয়ার দাবী করা হয় বিক্ষোভ সমাবেশে।

গাংনীতে নিজেরাই ককটেল বিস্ফোরণ ঘটিয়ে বিএনপির নিরিহ ছেলেদের নামে মামলা করা হয়েছে। যে ব্যাক্তি এই মামলার বাদী হয়েছেন তার নামও তালিকায় রাখা হয়েছে। তবে তিনি এসব নোংরা খেলা থেকে আওয়ামীলীগের নেতাকর্মীদের সাবধান হওয়ারও হুশিয়ারী দিয়েছেন। তিনি বলেছেন, বিএনপি আপনাদের অনেক আঘাত মুখ বুঝে সহ্য করেছে। আপনারা শুধু মেরেছেন,হামলা করেছেন, মামলা করেছেন.অফিস ভাংচুর করেছেন,নির্যাতন করেছেন এখন আর তা করার চেষ্টা করবেননা। করলে দাঁত ভাঙ্গা জবাব দেয়া হবে বলেও বক্তব্য বলেন তিনি।